# সবাইকে লাল গোলাপের শুভেচ্ছা



ক্লাশ পরিচালনায়


# নাম- খ. ম. রওশন হাবিব

## পদবী- চিফ ইনস্ট্রাক্টর(নন-টেক) ম্যানেজমেন্ট

# সিরাজগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট

# আজকের বিষয়

# নগদান বহি(Cash Book)



# Define Cash Book

Cash book is a book in which a account is kept of the receipts and disbursement of money.

Cash book is a book in which a account is kept of the receipts and disbursement of money.

## ৭.১ নগদান বইয়ের সংজ্ঞা (Define cash book)

সাধারণ অর্থে নগদ টাকা পয়সার আগমন নির্গমন যে বহিতে রাখা হয় তাকে নগদান বই বলে। অন্য কথায় বলা যায়, সু-নির্দিষ্ট নিয়মানুসারে নগদ টাকা পয়সার প্রাপ্তি ও পরিশোধ হিসাব রাখার পদ্ধতিই নগদান বই।

নিম্নে কয়েকজন বিশেষজ্ঞের মতামত প্রদান করা হলোঃ

**১) এ সম্পর্কে এল, সি, ক্রোপার** বলেন, "The cash book is the book in which a person writes or enters the Sums of money received and paid by him" অর্থাৎ (একজন ব্যক্তি কর্তৃক যাবতীয় নগদ প্রাপ্তি ও পরিশোধ সংক্রান্ত হিসাবেই নগদান বই।)

**২) অধ্যাপক চেম্বার** বলেন, ''নগদান বই হচ্ছে এমন একটি বই যাতে টাকা পয়সার প্রাপ্তি ও প্রদানের হিসাব রাখা হয়।'' (Cash book is a book in which a account is kept of the receipts and disbursement of money.)

**৩) ভৌমিক, দত্ত, সাণ্যাল** এর মতে, "নগদ লেনদেনসমূহ লিপিবদ্ধ করবার জন্য হিসাবের যে প্রাথমিক বই ব্যবহৃত হয় তাতে নগদান বই বলে।"

**৪) অধ্যাপক নূরুল আবছার খান, খান, দত্ত, বনিক** বলেন, ''যে বইতে কারবারের নগদ লেনদেনসমূহের অর্থাৎ নগদ প্রাপ্তি ও নগদ পরিশোধের হিসাব রাখা হয় তাকে নগদান বই বলে।''

**৪) জন রুটলে বলেন,** "যে বইতে কারবারের নগদ টাকার আদান-প্রদান লিপিবদ্ধ করে রাখা হয় তাকে নগদান বই বলা হয়।

সুতরাং পরিশেষে বলা যায়, শুধু মাত্র নগদ অর্থ আদান প্রদানই নগদান বইর অন্তর্ভুক্ত হয় কিন্তু বাকিতে কারবার হলে তা নগদান বহির অন্তর্ভুক্ত হয় না।

# Classification of Cash Books নগদানের শ্রেণিবিভাগ

1. **Single Column Cash Book-**একঘরা নগদান বহি
2. **Double Column Cash Book.** দু'ঘরা নগদান বহি
3. **Triple Column Cash Book** তিন ঘরা নগদান বহি
4. **Petty Cash Book** খুচরা নগদান বা বহুঘরা নগদান বহি

**১) এক ঘরা নগদান বই (Single Column Cash Book)ঃ** যে নগদান বইয়ে ডেবিট ও ক্রেডিট দিকে মাত্র একটি করে টাকার অংকের ঘর থাকে তাকে এক ঘরা নগদান বই বলে। সাধারণত ছোট ছোট ব্যবসায় প্রতিষ্ঠানে এক ঘরা নগদান বই রেখে থাকে।

**এক ঘরা নগদান বই**

ডেবিট ক্রেডিট

| তারিখ | বিবরণ | খাপৃ | ক্যাশ | তারিখ | বিবরণ | খাপৃ | ক্যাশ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

**২) দু' ঘরা নগদান বই (Double Column Cash Book)ঃ** যে নগদান বইতে ডেবিট ও ক্রেডিট দিকে দু'টি করে টাকার ঘর থাকে তাকে দু' ঘরা নগদান বই বলে। এখানে একটি নগদ ঘর ও একটি ব্যাংকের ঘর থাকে। বড় বড় ব্যবসায় প্রতিষ্ঠানে নগদ টাকার লেনদেন ও ব্যাংকের মাধ্যমে লেনদেনের সংখ্যা অনেক বেশি। এ ক্ষেত্রে দু' ঘরা নগদান বই বিশেষ উপযোগী।

**দুই ঘরা নগদান বই**

ডেবিট ক্রেডিট

| তারিখ | বিবরণ | খাপৃ | ক্যাশ | ব্যাংক | তারিখ | বিবরণ | খাপৃ | ক্যাশ | ব্যাংক |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |

৩) **তিনঘরা নগদান বই (Triple Column Cash Book)ঃ** যে নগদান বইতে ডেবিট ও ক্রেডিট উভয় দিকে তিনটি করে ঘর থাকে, তাকে তিন ঘর নগদান বই বলে। এখানে দু'ঘরা নগদান বইয়ের মত নগদান ও ব্যাংক ঘর থাকে। অতিরিক্ত বাট্টার ঘর তিন ঘরা নগদান বইতে থাকে।

**তিনঘরা নগদান বই**

ডেবিট ক্রেডিট

| তারিখ | বিবরণ | খাঃপৃঃ | বাট্টা | ক্যাশ | ব্যাংক | তারিখ | বিবরণ | খাঃপৃঃ | বাট্টা | ক্যাশ | ব্যাংক |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | |

৪) **খুচরা নগদান বই (Petty Cash Book)ঃ** খুচরা লেনদেন সমূহ সম্পাদনের জন্য খুচরা ক্যাশিয়ারের হাতে একটি নির্দিষ্ট সময়ের জন্য এককালীন কিছু টাকা দেওয়া হয়। এ টাকাকে খুচরা তহবিল বলে। এ টাকার জন্য খুচরা ক্যাশিয়ার প্রধান ক্যাশিয়ারের নিকট দায়ী থাকেন এবং পৃথক নগদান বইতে লিখে রাখেন। এ বহিকে খুচরা নগদান বই বলে।

**খুচরা নগদান বহি**

ডেবিট ক্রেডিট

| প্রাপ্তি | তারিখ | বিবরণ | ভাউচার নং | মোট প্রদান | খরচের বিবরণ | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

**ব্যবহারিক উদাহরণঃ ১। মের্সাস সাম্য এন্ড কোং এর নিম্নলিখিত লেনদেন গুলি অবলম্বনে একটি দুইঘরা নগদান বহি তৈরি কর।**

১৯৯৬ ইং নভেম্বর ১, হাতে নগদ ৭০০০/=টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ১১,০০০/= টাকা

" ৫, মিঃ শুভ এর নিকট ৪০০০/= টাকার মাল বিক্রয় করা হল এবং চেকের মাধ্যমে অর্থ পাওয়া গেল।

" ৭, মাল ক্রয় করা হল ১০০০/= টাকা এবং চেকের মাধ্যমে অর্থ পরিশোধ করা হল।

" ১০, ব্যাংক জমা দেওয়া হল ২,৫০০/= টাকা

" ১২, অফিসের প্রয়োজনে ১,০০০/ টা এবং ব্যক্তিগত প্রয়োজন ৩৫০/= টাঃ ব্যাংক হতে উঠানো হল।

" ১৯, শরীফ ব্রাদার্স কে ১০০০/= টাকা পরিশোধ করা হল।

" ২১, ছালামের নিকট হতে প্রাপ্ত ৪০০০/= টাকা একটি চেক ঐ দিনই ব্যাংক জমা দেওয়া হল।

" ২৭, ভাড়া বাবদ ২০০/= টাকা নগদ ও বেতন বাবদ চেক ১০০০/= টাকা দেওয়া হল।

" ২৯, ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত সুদ ১০০/= টাকা ও ধার্যকৃত চার্জ ২০০/= টাকা।

**ব্যবহারিক সমাধান-১ঃ**

## মের্সাস সাম্য এন্ড কোং
## দুইঘরা নগদান বই

ডেবিট ক্রেডিট

| তারিখ | বিবরণ | খঃপৃঃ | ক্যাশ | ব্যাংক | তারিখ | বিবরণ | খঃপৃঃ | ক্যাশ | ব্যাংক |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৯৯৬ | ব্যালান্স B/d | | ৭,০০০ | ১১,০০০ | ৯৬ নভে ৭ | ক্রয় হিঃ | | | ১,০০০ |
| নভেঃ ১ | | | | | " ১০ | ব্যাংক হিঃ | (ক) | ২,৫০০ | |
| " ৫ | মাল বিক্রয় | | ৪,০০০ | | " ১২ | নগদান হিঃ | (ক) | | ১,০০০ |
| " ১০ | নগদান হিঃ | (ক) | | ২,৫০০ | " ১২ | উত্তোলন হিঃ | | | ৩৫০ |
| " ১২ | ব্যাংক হিঃ | (ক) | ১,০০০ | | " ১৯ | শরীক ব্রাদার্স | | ১,০০০ | |
| " ২১ | ছালামের হিঃ | | | ৪,০০০ | " ২৭ | ভাড়া হিসাব | | ২০০ | |
| | | | | | | বেতন হিঃ | | | ১,০০০ |
| " ২৯ | মঞ্জুরী কৃত সুদ | | | ১০০ | " ২৯ | ধার্যকৃত চার্জ | | | ২০০ |
| | | | | | " ৩০ | ব্যালান্স C/D | | ৮,৩০০ | ১৪,০৫০ |
| | | | ১২,০০০ | ১৭,৬০০ | | | | ১২,০০০ | ১৭,৬০০ |
| | | | ===== | ===== | | | | ===== | ====== |
| ডিসে:১ | To ব্যালান্স b/d | | ৮,৩০০ | ১৪,০৫০ | | | | | |

ব্যবহারিক উদাহরণঃ মেসার্স শাহীন অ্যান্ড কোং এর নিচে-লিখিত লেনদেনগুলো অবলম্বন করে একখানি তিনঘরা নগদান বহি তৈরি কর– বাকাশিবো-২০০৭R

২০০৬ সাল মার্চ-১ নগদান তহবিল ৫০,০০০/- টাক এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ৪০,০০০/- টাকা।

মার্চ-৫ মাল ক্রয় করে এর মূল্য নগদে ২০,০০০/- টাকা এবং চেকের মাধ্যমে ১৭,০০০/- টাকা প্রদত্ত হল

মার্চ-৮ নগদে মাল বিক্রয় ১৫,০০০/- টাকা।

মার্চ-১০ জামানের নিকট হতে তার ২০,০০০/-টাকা দেনার পূর্ণনিস্পত্তি সাপেক্ষে ১৮,০০০/-টাকার একখানি চেক পাওয়া গেল।

মার্চ-১৭ ব্যাংকে জমা দেয়া হল ১৫,০০০/- টাকা।

মার্চ-২০ রাকিবের ৭০০০/- টকার একটি চেক প্রদান করা হল এবং এই প্রেক্ষিতে ৫০০০/- টাকার বাট্টা পাওয়া গেল।

মার্চ-২৫ কারবারের প্রয়োজনে ব্যাংক থেকে ১০,০০০/- টাকা উঠানো হল।

মার্চ-৩০ নগদে বেতন ১০,০০০/- টাকা এবং চেকের মাধ্যমে ভাড়া প্রদান ৫,০০০/- টাকা।

ব্যবহারিক সমাধান-

মেসার্স শাহীন অ্যান্ড কোং

ক্রেডিট তিন ঘরা নগদান বহি ডেবিট

| তারিখ | বিবরণ | খঃপৃঃ | বাট্টা | ক্যাশ | ব্যাংক | তারিখ | বিবরণ | খঃপৃঃ | বাট্টা | ক্যাশ | ব্যাংক |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০০৬ মার্চ ১ | ব্যালেন্স B/D | | | ৫০,০০০ | ৪০,০০০ | ২০০৬ মার্চ ৫ | মাল ক্রয় হিঃ | | | ২০,০০০ | ১৭,০০০ |
| " ৮ | মাল বিক্রয় হিঃ | | | ১৫,০০০ | | " ১৭ | ব্যাংক হিসাব | ক | | ১৫,০০০ | |
| " ১০ | জামানের হিঃ | | ২০০০ | ১৮,০০০ | | " ২০ | রাকিব হিসাব | | ৫০০০ | | ৭,০০০ |
| " ২৭ | নগদান হিসাব | ক | | | ১৫,০০০ | " ২৫ | নগদান হিসাব | | | | ১০,০০০ |
| " ২৫ | ব্যাংক হিসাব | | | ১০,০০০ | | " ৩০ | বেতন হিসাব | | | ১০,০০০ | |
| | | | | | | " ৩০ | ভাড়া হিসাব | | | | ৫,০০০ |
| | | | | | | " ৩১ | ব্যালেন্স C/D | | | ৪৮,০০০ | ১৬,০০০ |
| | | | ----- | ----------- | --------- | | | | ------ | --------- | --------- |
| | | | ২০০০ | ৯৩,০০০ | ৫৫,০০০ | | | | ৫০০০ | ৯৩,০০০ | ৫৫,০০০ |
| এপ্রিল | | | === | ===== | ===== | | | | === | ===== | ===== |
| ০১ | ব্যালেন্স B/D | | | ৪৮,০০০ | ১৬,০০০ | | | | | | |

ব্যবহারিক উদাহরণঃ মেসার্স সুমন ব্রাদার্সের নীচে-লিখিত লেনদেনগুলো অবলম্বন একটি তিন ঘরা ক্যাশবহি তৈরি কর

বাকাশিবো -২০১০

২০০৭ সাল

মার্চ-১, নগদ তহবিল ১৫,০০০/-টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ১২,০০০/- টাকা।

মার্চ-৬, মিলনের নিকট থেকে মাল ক্রয় করে চেকে প্রদান ১২,০০০/-টাকা।

মার্চ-১০, অফিস প্রয়োজনে ৮,৫০০/- টাকা এবং নিজ প্রয়োজনে ২,০০০/- ব্যাংক হতে উত্তোলন করা হল।

মার্চ-১৩, শাহিন এন্ড কোংকে ৭,০০০/-টাকা দেনার পূর্ণ নিস্পত্তিতে ৬,৯০০/- টাকার একটি চেক প্রদান করা হল।

মার্চ-১৮, ব্যাংকে জমা দেয়া হল ১২,০০০/-টাকা।

মার্চ-২৩, সালাম এন্ড কোং এর নিকট হতে ৫,০০০/- টাকা পাওনার পূর্ণ নিস্পত্তিতে ৪,৯০০/- টাকার একখানা চেক পেয়ে ঐ দিনই ব্যাংকে জমা দেয়া হল ।

মার্চ-২৯, ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত সুদ ১০০/- টাকা এবং ব্যাংক চার্জ ৫০/- টাকা ধার্য করা হলো।

মার্চ ৩১, নগদ তহবিলের ২০০০/- টাকা হাতে রেখে অবশিষ্ট টাকা ব্যাংকে জমা দেয়া হলো।

ব্যবহারিক সমাধান

## মেসার্স সুমন ব্রাদার্স
## তিনঘরা নগদান বহি

ডেবিট　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　ক্রেডিট

| তারিখ | বিবরণ | খাঃপৃঃ | বাট্টা | ক্যাশ | ব্যাংক | তারিখ | বিবরণ | খাঃপৃঃ | বাট্টা | ক্যাশ | ব্যাংক |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০০৭ | | | | | | ২০০৭ | | | | | |
| মার্চ-১ | ব্যালান্স বি/ডি | | | ১৫,০০০ | ১২,০০০ | মার্চ-৬ | মাল ক্রয় হিঃ | | | | ১২,০০০ |
| মার্চ-১০ | ব্যাংক হিসাব | (ক) | | ৮,৫০০ | | মার্চ-১০ | নগদান হিসাব | (ক) | | | ৮,৫০০ |
| মার্চ-১৪ | নগদান হিসাব | (ক) | | | ১২,০০০ | মার্চ-১০ | উত্তোলন হিসাব | | | | ২,০০০ |
| মার্চ-২৩ | সালাম এন্ড কোং | | ১০০ | | ৪,৯০০ | মার্চ-১৩ | শহীদ এন্ড কোং | | ১০০ | | ৬,৯০০ |
| মার্চ-২৯ | মঞ্জুরীকৃত সুদ | | | | ১০০ | মার্চ-১৮ | ব্যাংক হিসাব | (ক) | | ১২০০০ | |
| মার্চ-৩১ | নগদান হিসাব | (ক) | | | ৯,৫০০ | মার্চ-২৯ | ব্যাংক চার্জ হিঃ | | | | ৫০ |
| | | | | | | মার্চ-৩১ | ব্যাংক হিসাব | (ক) | | ৯,৫০০ | |
| | | | ১০০ | ২৩,৫০০ | ৩৮,৫০০ | মার্চ-৩১ | ব্যালান্স সি/ডি | | | ২০০০ | ৯,০৫০ |
| | | | == | | | | | | ১০০ | ২৩,৫০০ | ৩৮,৫০০ |
| এপ্রিল-১ | ব্যালান্স বি/ডি | | | ২,০০০ | ৯,০৫০ | | | | | | |

নোটঃ (ক) মিলনের এর মাল ক্রয় করে চেক দেওয়ার কারণে ব্যাংক ক্রেডিট করা হয়েছে।

(খ) শাহিন এন্ড কোং এর দেনার পূর্ণ নিস্পত্তিতে চেক দেয়া হয়েছে তাই ব্যাংকে ক্রেডিট করা হয়েছে।

(গ) ব্যাংকে জমা দেয়া হলে এরূপ হিসাব কন্ট্রা হিসাব তাই ক্যাশ ও ব্যাংক উভয় পার্শে দেখানো হয়েছে।

(ঘ) সালাম এন্ড কোং এর পাওনা পূর্ণ নিস্পত্তিতে চেক প্রদান করা হয়েছে তাই ব্যাংকে ডেবিট করা হয়েছে।

(ঙ) উপরোক্ত অংকে নগদ তহবিলে ২০০০ টাকা হাতে রেখে বাকি টাকা ব্যাংকে জমা দেবার কথা বলা হয়েছে। এক্ষেত্রে প্রথমে নগদ টাকা কত জমা হয়েছে এবং কত টাকা খরচ হয়েছে তা বের করে ব্যালান্স

**প্রশ্নঃ নগদান বহিকে জাবেদা ও খতিয়ান উভয় বলা হয় কেন ?** বাকাশিবো-০৮

নগদান বহিকে জাবেদা ও খতিয়ান উভয় বলা হয়। কারণ নগদান বহি জাবেদা ও খতিয়ানের সংমিশ্রণ। নগদান বহিকে কেন জাবেদা বলা হয় তা নিম্নরূপ :

১) যেহেতু নগদ লেনদেন গুলিকে প্রাথমিক ভাবে Cash Book কে লিখা হয়।

২) যেহেতু নগদ লেনদেন গুলি সংঘটিত হওয়া মাত্র তারিখের ক্রমানুসারে লিখা হয়।

৪) যেহেতু নগদান বহিতে দু'তরফা সম্পন্ন করা হয়। এজন্য নগদানকে জাবেদা ও খতিয়ান উভয় বলা হয়।

কোন কিছু জানার থাকলে

বা কোন প্রশ্ন

বাড়ির কাজ

সবাইকে ধন্যবাদ

